পরীক্ষা নিয়ন্ত্রক দফতর

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd    iau.exam@gmail.com

বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নংঃ ইআবি/প.নি/সনদ-প্রত্যয়ন/৩০/২০১৯/২৯৮৫

তারিখ: ২১/০১/২০২১ খ্রি:

# বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত বিভিন্ন একাডেমিক প্রোগ্রামের চূড়ান্ত পরীক্ষায় যারা কৃতকার্য হয়েছেন তাদের মধ্যে সাময়িক সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। চাকুরী, উচ্চশিক্ষা সহ বিশেষ প্রয়োজনে সাময়িক সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট উত্তোলনের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলীর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে,

১- সাময়িক সনদ উত্তোলনের জন্য নির্ধারিত আবেদনপত্র(বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের ফরম ডাউনলোড অপশনে পাওয়া যাবে) নিজ হাতে পূরণ করতে হবে এবং আবেদনপত্রে বর্ণিত নির্দেশনাবলী অনুসরন করতে হবে।

২- আবেদনপত্রে শিক্ষার্থীর ছবি লাগানোর স্থানে সাম্প্রতিককালে তোলা ছবি আঠা দিয়ে সংযুক্ত করতে হবে। অত:পর ছবির উপর সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ এমনভাবে স্বাক্ষর ও সীল মোহর প্রদান করবেন যেন তার কিছু অংশ শিক্ষার্থীর ছবির উপর থাকে।

৩- আবেদনপত্রের সাথে অবশ্যই রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, সম্মিলিত অনলাইন নম্বরপত্র(Combined Grade Sheet) এবং জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিতে হবে। এক্ষেত্রে সকল কাগজপত্র অবশ্যই মাদরাসার অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত হতে হবে।

৪- সাময়িক সনদ উত্তোলনের জন্য নির্ধারিত ফি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের পেমেন্ট অপশনে বিদ্যমান নির্ধারিত ডিপোজিট স্লীপের মাধ্যমে অগ্রণী ব্যাংকের যে কোন শাখায় জমা দেওয়া যাবে।

৫- সাময়িক সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের সময় মূল প্রবেশপত্র এবং রেজিস্ট্রেশন কার্ড অবশ্যই প্রদর্শন করতে হবে নতুবা সাময়িক সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট প্রদান করা হবে না।

৬- সাময়িক সনদ এবং একাডেমিক ট্রান্সক্রিপ্ট উত্তোলনে আগ্রহী শিক্ষার্থীদের কে অবশ্যই স্ব-শরীরে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের সনদ শাখায় অফিস চলাকালীন সময়ে সকাল ০৯:০০ টা থেকে ১১:০০ টার মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। উক্ত সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৭- যাচাই-বাছাই করে আবেদনপত্র সঠিক পাওয়া গেলে ঐ দিন বিকাল ০৪:০০ থেকে ০৫:০০ এর মধ্যে সাময়িক সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট প্রদান করা হবে।

৮- সংশ্লিষ্ট পরীক্ষার্থীই কেবল নিজের সাময়িক সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট উত্তোলন করতে পারবে। তবে বিশেষ কারনে শিক্ষার্থীর অনুপস্থিতি তে অন্য কেউ শিক্ষার্থীর পক্ষে সাময়িক সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট উত্তোলন করতে আসলে অবশ্যই সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ কর্তৃক মাদরাসার নিজস্ব প্যাডে প্রদত্ত ক্ষমতা অর্পণ পত্র নিয়ে আসতে হবে এবং উক্ত ক্ষমতা অর্পণপত্রে অবশ্যই গ্রহণকারী ব্যক্তির ছবি ও স্বাক্ষর সত্যায়িত থাকা সহ বিস্তারিত পরিচয় এবং শিক্ষার্থীর সাথে তার সম্পর্ক উল্লেখ থাকতে হবে।

২১.১.২০২১

(অধ্যাপক এস এম গাউসুল আজম)
পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
ই-মেইল: iau.exam@gmail.com

স্মারক নংঃ ইআবি/প.নি/সনদ-প্রত্যয়ন/৩০/২০১৯/২৯৮৫(৬)    তারিখ: ২১/০১/২০২১ খ্রি

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১-রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২- পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩- উপাচার্যের একান্ত সচিব (মাননীয় উপাচার্যকে অবগতকরণের নিমিত্তে), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪- আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)।
৫- অধ্যক্ষ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধীভুক্ত সকল ফাজিল ও কামিল মাদরাসা।
৬- অফিস নথি ।

সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
(অতি: দায়িত্ব)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
মোবাইল: ০১৭১৬-২২৬৮০৬